# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৬৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৫. তারতীলের সাথে কুরআন তিলাওয়াত পছন্দনীয়

باب اسْتِحْبَابِ التَّرْتِيلِ فِي الْقِرَاءَةِ

আরবী

حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِدِ بْنِ مَوْهَبٍ الرَّمْلِيُّ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ يَعْلَى بْنِ مَمْلَكٍ، أَنَّهُ سَأَلَ أُمَّ سَلَمَةَ عَنْ قِرَاءَةِ، رَسُولِ اللهِ صلي الله عليه وسلم وَصَلاَتِهِ فَقَالَتْ وَمَا لَكُمْ وَصَلاَتَهُ كَانَ يُصَلِّي وَيَنَامُ قَدْرَ مَا صَلَّى، ثُمَّ يُصَلِّي قَدْرَ مَا نَامَ، ثُمَّ يَنَامُ قَدْرَ مَا صَلَّى، حَتَّى يُصْبِحَ، وَنَعَتَتْ قِرَاءَتَهُ فَإِذَا هِيَ تَنْعَتُ قِرَاءَتَهُ حَرْفًا حَرْفًا .

ـ ضعيف

বাংলা

১৪৬৬। ইয়া’লা ইবনু মামলাক (রহঃ) সূত্রে বর্ণিত। একদা তিনি উম্মু সালামাহ (রাঃ)-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত ও ক্বিরাআত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন, তাঁর সালাত সম্পর্কে জেনে তোমাদের কি দরকার? তিনি সালাত আদায় করতেন এবং সালাত আদায়ের সমপরিমান সময় ঘুমাতেন, আবার যেটুকু সময় ঘুমাতেন সে পরিমাণ সময় সালাত আদায় করতেন। আবারো সালাত আদায়ের সমপরিমান সময় ঘুমাতেন। এভাবেই ভোর হয়ে যেতো। তিনি তাঁর ক্বিরাআতের বর্ণনা দিতে গিয়ে বলেন, তিনি ক্বিরাআতে এক একটি হরফ স্পষ্ট উচ্চারণ করতেন।[1]

দুর্বল।

## English

Narrated Umm Salamah, Ummul Mu'minin:

Ya'la ibn Mumallak said that he asked Umm Salamah about the recitation and prayer of the Messenger of Allah (ﷺ).

She said: What have you to do with his prayer? He would pray, then sleep as long as he had prayed, till morning. She then described his recitation and did so with an exposition word by word.

## ফুটনোট

[1] বুখারী ‘খালকু আফ‘আলুল ‘ইবাদ’ (হাঃ ১৩২), তিরমিযী (অধ্যায় : ফাযায়িলি কুরআন, অনুঃ নাবী সাঃ-এর ক্বিরাআত, হাঃ ২৯২৩, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ ও গরীব), নাসায়ী (অধ্যায় : ইফতিতাহ, অনঃ ধীরস্থিরভাবে কুরআন পড়া, হাঃ ১০২১), আহমাদ (৬/২৯৪), ইবনু খুযাইমাহ (হাঃ ১১৫৮) সকলে লাইস হতে। এর দোষ হচ্ছে এটির মূল বিষয় বর্তায় ই‘য়ালা ইবনু মামলাকের উপর। হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেন : মাকবুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58784

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন